

বঙ্গবন্ধু ছাত্রবৃত্তি দেবে মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট

যায়যায় রিপোর্ট

শিক্ষার্থীদের বৃত্তি দেয়ার সিদ্ধান্ত নিয়েছে মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট। মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের নিজস্ব তহবিল থেকে 'বঙ্গবন্ধু ছাত্রবৃত্তি' নামের এই বৃত্তির অর্থায়ন করা হবে। প্রধানমন্ত্রীর কার্যালয়ে বৃহস্পতিবার দুপুরে সরকারপ্রধান ও মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান শেখ হাসিনার

ট্রাস্টের বোর্ড অব
ট্রাস্টিজের চেয়ারম্যান
শেখ হাসিনার
সভাপতিত্বে বৈঠকে
এ সিদ্ধান্ত হয়

সভাপতিত্বে বৈঠকে এ সিদ্ধান্ত হয়। বৈঠক শেষে প্রধানমন্ত্রীর প্রেস সচিব আবুল কালাম আজাদ এ বিষয়ে সাংবাদিকদের জানান। বৈঠকে প্রধানমন্ত্রী মুক্তিযোদ্ধাদের অবদানের কথা স্মরণ করেন। রাজধানীর মোহাম্মদপুরের গজদগী সড়কে নির্মাণাধীন ডবনের মোকান ও বাণিজ্যিক ব্যবহারের জন্য এবং ট্রাস্ট নিয়ে আলোচনায় শেখ হাসিনা বলেন, এ ক্ষেত্রে মুক্তিযোদ্ধাদের অগ্রাধিকার বিত্তে হবে। বৈঠকে প্রধানমন্ত্রীর জানানো হয়, মুক্তিযোদ্ধাদের বিপ্রামাণ্যের জন্য ১৫তলা ডবনের কাজ দ্রুত এগিয়ে চলছে। ২০১৩ সালের ডিসেম্বরে এই নির্মাণকাজ শেষ হবে। ডবনের প্রথম থেকে পঞ্চম তলা পর্যন্ত বাণিজ্যিক ব্যবহারের জন্য স্থান রাখা হচ্ছে। ষষ্ঠ তলায় মুক্তিযোদ্ধাদের বিনোদনের জন্য স্থানসহ চিকিৎসকদের চেম্বার হবে। সপ্তম থেকে ১০তলা পর্যন্ত এক হাজার ১২২ বর্গফুটের ৮৪টি ট্রাস্ট হবে।

মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের বোর্ড অব ট্রাস্টিজের ৬৫তম সভয়ে মুক্তিযুদ্ধবিধায়ক প্রতিমন্ত্রী ও বোর্ডের জাইস চেয়ারম্যান এ বি তাজুল ইসলাম, ট্রাস্টি সংসদ সদস্য মোহাম্মদ নজরুল ইসলাম, মোহরার আলী সানা, ফজলে গাকী মিয়া, এ কে এম এ আউয়াল, ব্যবস্থাপনা পরিচালক মেজর জেনারেল এ কে মোহাম্মদ আলী শিকদার, প্রধানমন্ত্রীর মুখ্য সচিব শেখ মো. ওয়াহিদ উজ্জ্বল জামান, প্রধানমন্ত্রীর কার্যালয়ের সচিব মোস্তা ওয়াহিদুজ্জামান, প্রধানমন্ত্রীর প্রেস সচিব আবুল কালাম আজাদ প্রমুখ উপস্থিত ছিলেন।